

কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জানুয়ারী /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৬-০১-২০১৯ খ্রিঃ রোজ : বুধবার সময় : সাকল ১০.০০ ঘটিকা
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবাল হোসেন	সাধারণ সদস্য	০২ নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্যসূচী:

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ভিজিডি উপকারভোগীদের নামের তালিকা প্রণয়ন।
- ৩। কর্মসূচন কর্মসূচী প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রসঙ্গে।
- ৪। আইনশৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা।
- ৫। বিবিধ।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
২	সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ২০১৯-২০২০ চক্রের ভিজিডি উপকারভোগীদের নামের তালিকা দ্রোত যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা প্রণয়নে সহযোগিতা করার আহবান জানান।	প্রস্তাবনাটি সভায় সর্বসম্মতিতে গৃহীত হয়েছে।	মোহনপুর ইউনিয়ন পরিষদ,
৩	অত্র আলোচ্যসূচীর আলোকে সভাপতি মহোদয় বলেন, কর্মসূচীর আওতায় ইতোপূর্বে কাজ বাস্তবায়ন করা শুরু হয়েছে। সাইনবোর্ড স্থাপনসহ অত্র ইউনিয়নের চলমান প্রকল্পগুলোর অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে পি আই সি সভাপতিগণ নীতিমালা অনুযায়ী সঠিকভাবে কাজ বাস্তবায়িত হচ্ছে বলে জানান এবং দ্রুত কাজ বাস্তবায়নের চেষ্টা করা হচ্ছে বলেও জানান। পি আই সি সভাপতিগণ প্রকল্প এলাকা পরিদর্শন করার জন্য অনুরোধ জানান।	অধ্যকার সভার সভাপতি ও ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ,

৪	<p>অত্র ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে জান্তে চাইলে, সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের আইন-শৃংখলা পরিস্থিতি তুলে বক্তব্য দেন। সদস্যগণ জানান যে বর্তমানে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোথাও আইন-শৃংখলা পরিস্থিতি বিঘ্ন হওয়ার খবর পাওয়া যায় নি। আলোচনায় সভাপতি সন্তুষ্টি প্রকাশ করে বলেন- আইন-শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার কোন সম্ভাবনা দেখা দিলে সাথে সাথে যেন অত্রাফিসকে অবহিত করা হয়, এ বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানানো হয়।</p>	<p>প্রস্তাবনার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ,</p>
৫	<p>বিবিধ আলোচনায় সভাপতি বলেন-ডিসেম্বর/২০১৮ মাসে এ পর্যন্ত মোট ট্যাক্স ১৯৮৫/- টাকা ও ট্রেড লাইসেন্স প্রদান বাবদ মোট ৩০২৫/- টাকা আদায় হয়েছে এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে ১৮/১/১৮ তারিখ পর্যন্ত মোট ৪৯৭৬/= টাকা ব্যয় করা হয়েছে এবং অস্থায়ী অফিসের নভেম্বর ও ডিসেম্বর/১৮ মাসের ভাড়া বাবদ মোট ১০০০০/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে তা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।</p>	<p>চলতি মাসের আয় ও ব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদিত হয়।</p>	

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

স্মারক নং: ১৫/১৯

তারিখঃ ১৫/০২/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।